



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সরকারি সমুদ্র পরিবহন অফিস  
সরকারি কার্য ভবন-০১,  
আগ্রাবাদ, চট্টগ্রাম।



জরুরি

সীমিত

তারিখ: ২৯ কার্তিক ১৪২৮

১৪ নভেম্বর ২০২১

নম্বর ১৮.১৭.১৫০০.৩০৪.১৮.০৫৪.২০.২০৭

### বিজ্ঞপ্তি/নোটিশ

এতদ্বারা নৌ-পরিবহন অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং-১৮.১৭.০০০০.০১২.০১.১৫৮.১৯/৫৪৭৫, তারিখ ২৭-০৯-২০২১ খ্রি: এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল জাহাজ মালিক/ নাবিক রিক্রুটিং এজেন্ট/জাহাজ মাস্টার/সীফ্যারারকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি একজন নাবিকের সাইন-অফ করণের সময় তার সিডিসি'তে প্রকৃত ভয়েজের স্থলে অবৈধ পন্থায় ভয়েজের মেয়াদ বৃদ্ধি করে এন্ট্রি করণের প্রমান পাওয়া গেছে। এতে করে সরকারী শিপিং অফিস এবং নৌ-পরিবহন অধিদপ্তরের সংশ্লিষ্ট কাজে প্রভাব সৃষ্টি করছে। তাই নাবিকের প্রকৃত ভয়েজ সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য সংশ্লিষ্ট ম্যানিং এজেন্ট নাবিককে সাইন অফ লেটার প্রদানের পূর্বে সংশ্লিষ্ট জাহাজ কোম্পানির সাথে যোগাযোগ করে নাবিকের পাসপোর্টে ইমিগ্রেশন সীল এবং সিডিসি'তে জাহাজ থেকে নামার প্রকৃত তারিখ নিশ্চিত হবেন।

২। চুক্তিপত্রে সাইন-অন/অফ ও সিডিসিতে ভয়েজ এনডোর্সমেন্ট অত্র অফিসের রুটিন কাজ এবং বর্ণিত কাজ সমূহ নৌ-পরিবহন অধিদপ্তর কর্তৃক জারিকৃত বিজ্ঞপ্তি নং-ডিজিসেল/৪/নবায়ন/০৫/অংশ-৩/৪৬৯৯(২৩) তাং-৭/৫/২০০৫ খ্রি: এবং পত্র নং-৪০১.০০৬.০৫৯.০০.০০.২০০৫/৬৮৪৭, তারিখ: ১০-১২-২০১৪ খ্রি: মোতাবেক ম্যানিং এজেন্ট ও সংশ্লিষ্ট নাবিক এর দায়-দায়িত্বে সম্পাদন করা হয়।

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সাইন-অন/ সাইন অফ ও সিডিসি'তে ভয়েজ এনডোর্সমেন্ট সম্পাদনে বিবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। তাই,

(ক) সীফ্যারার নিয়োগকারী জাহাজ মালিক/ম্যানিং এজেন্টকে সরকারী শিপিং অফিসে সীফ্যারারকে চুক্তিপত্রে সাইন-অন করার লেটার দেয়ার পূর্বে জাহাজ মালিক ও নাবিক রিক্রুটিং এজেন্ট এর মধ্যে চুক্তিপত্র এবং অধিদপ্তরের বিজ্ঞপ্তি মতে অবশ্যই সকল সনদ/ডকুমেন্ট এর সত্যতা নিশ্চিত করতে হবে।

(খ) চুক্তিপত্রে সাইন অনের এক মাসের মধ্যে জাহাজে যোগদান নিশ্চিত করতে হবে। সাইন -অনের একমাস পর জাহাজে যোগদানে অনিশ্চিত/ ব্যর্থ হলে উক্ত সাইন-অন অবশ্যই বাতিল করাতে হবে।

(গ) জাহাজ থেকে নামার পর এক মাসের মধ্যে চুক্তিপত্র হতে সাইন-অফ করাতে হবে। কোন কারনে সাইন -অনের এক মাসের মধ্যে জাহাজে যোগদান এবং জাহাজ থেকে নামার এক মাসের মধ্যে সাইন-অফ করাতে ব্যর্থ হলে অত্র অফিসকে লিখিত ভাবে জানাতে হবে।

(ঘ) এক কোম্পানীতে সাইন-অন করে তা বাতিল না করে অন্য কোম্পানীর মাধ্যমে সাইন-অন করা যাবে না অর্থাৎ একসাথে দুটি চুক্তিপত্রে সাইন-অন চলমান রাখা যাবে না।

(ঙ) এক পদে সাইন- অন করে অন্য পদে যোগদান করানো যাবে না। জাহাজ মাস্টার জাহাজে পদোন্নতি দিতে পারবে, তবে তা কোন অবস্থাতেই বিভাগ পরিবর্তন, ট্যাংকার সনদ ব্যতিত ট্যাংকার জাহাজ বা সিওসি ও ওয়াচকিপিং সনদ অনুযায়ী নির্ধারিত যোগ্যতার অতিরিক্ত উচ্চতর পদে চাকুরী করানো যাবে না। জাহাজের নামের পূর্বে এমভি/এমটি এবং আইএমও. অফিসিয়াল নম্বর, জিআরটি.কিলোওয়াট নম্বর সিডিসিতে না লিখে জাহাজ মাস্টার দ্বারা সিডিসি'তে ভয়েজ এন্ডোর্স করানো যাবে না।

(চ) সিডিসি'তে পদবি এর স্থলে (/) ব্যবহার করে একসাথে দুটি পদে জাহাজ মাস্টার দ্বারা ভয়েজ এন্ডোর্স করানো যাবে না

।

(ছ) ক্যাডেটকে রেটিং হিসাবে সিডিসিতে এন্ডোর্স করানো যাবে না।

(জ) হোম পোর্টে নাবিক চুক্তিপত্রে সাইন-অন অফ ছাড়া কোন অবস্থায় এক জাহাজ হতে অন্য জাহাজে বদলী করা যাবে না।

।

(ঝ) চাকুরীরত অবস্থায় জাহাজের নাম বা জাহাজ পরিবর্তন হলে তা অত্র অফিসকে অবহিত করাতে হবে।


(ঞ) সিডিসি'তে কোন প্রকার কাটাকাটি ও ঘষামাজা করা যাবে না।

(ট) জাহাজের সেইফ ম্যানিং সনদে বর্ণিত পদ/যোগ্যতার সনদ অনুযায়ী চুক্তিপত্রে সাইন অন করাতে হবে।

(ঠ) দেশীয় বন্দরে চুক্তিপত্রে সাইন-অন হলে সংশ্লিষ্ট জাহাজের আগমনী ও বর্হিগমন ছাড়পত্র সংগ্রহকারী শিপিং এজেন্টের সাথে যোগাযোগ করে চুক্তিপত্রের কপি এবং জাহাজ মাস্টার হতে সংশোধিত ক্রুলিস্ট এর কপি সংশ্লিষ্ট জাহাজের শিপিং এজেন্টকে বুঝিয়ে দিতে হবে।

(ড) ভবিষ্যৎ কোন অনিয়ম/জাল-জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট জাহাজ মালিক/ ম্যানিং এজেন্ট/জাহাজ মাস্টার/সীফ্যারার দায়ী হবেন।

এমতাবস্থায়, জাহাজ মালিক/ ম্যানিং এজেন্ট/জাহাজ মাস্টার/সীফ্যারারকে তাদের জাহাজের চুক্তিপত্রে সাইন অন-সাইন অফের পূর্বে বর্ণিত বিষয়াদি যথাযথ ভাবে প্রতিপালন করে চুক্তিপত্রে সাইন অন/অফ কাজ সম্পাদন ও সিডিসিতে ভয়েজ এন্ডোর্সমেন্ট গ্রহন এবং অনবোর্ড জাহাজ মাস্টারকে অবহিত করনের জন্য অনুরোধ করা হল।



১৪-১১-২০২১

মোঃ জাকির হোসেন চৌধুরী

শিপিং মাস্টার

ইমেইল: [gso@gso.gov.bd](mailto:gso@gso.gov.bd)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, নৌপরিবহন অধিদপ্তর (সদয় অবগতির জন্য)
- ২) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), শিপ পার্সোনেল বিভাগ, বাংলাদেশ শিপিং কর্পোরেশন
- ৩) সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ শিপ ম্যানিং এজেন্ট এসোসিয়েশন, সিঙ্গাপুর মার্কেট (৬ষ্ঠ তলা), হাজীপাড়া, আগ্রাবাদ, চট্টগ্রাম। (সার্কুলারটি সকল ম্যানিং এজেন্টকে বিতরণের জন্য অনুরোধ করা হলো)
- ৪) সকল কর্মকর্তা-কর্মচারী, সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রাম।
- ৫) জনাব রহমান হোসেন, অফিস সহকারী, শিপিং শাখা, সরকারি সমুদ্র পরিবহন অফিস (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হল)।
- ৬) পিএটু শিপিং মাস্টার, শিপিং মাস্টার এর দপ্তর, সরকারি সমুদ্র পরিবহন অফিস